**তারিখঃ 21/03/2014**

**আমানতকারী শিক্ষা এবং সচেতনতা তহবিল প্রকল্প, ২০১৪-ব্যাঙ্কিং রেগুলেশন এ্যাক্ট, ১৯৪৯-এর ধারা ২৬এ**

আরবিআই/2013-14/527
ডিবিওডি.নং.ডিইএএফ.সেল বিসি.101/30.01.002/2013-14

মার্চ 21, 2014

সভাপতি এবং পরিচালন অধিকর্তা/
মুখ্য নির্বাহী আধিকারিক
আরআরবি এবং এলএবি সহ সকল তফসিলভুক্ত বাণিজ্যিক ব্যাঙ্কসমূহ/
শহরাঞ্চলিক সমবায় ব্যাঙ্কসমূহ/ রাজ্য সমবায় ব্যাঙ্কসমূহ/
জেলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কসমূহ

প্রিয় মহাশয়/মহাশয়া,

**আমানতকারী শিক্ষা এবং সচেতনতা তহবিল প্রকল্প, 2014-ব্যাঙ্কিং রেগুলেশন এ্যাক্ট, 1949-এর ধারা 26এ**

অনুগ্রহ করে উপরোক্ত বিষয়ে মে 3, 2013 তারিখে গভর্নর কর্তৃক ঘোষিত মুদ্রা নীতি বিবরণ 2013-14-এর অনুচ্ছেদ 93 দেখুন।

2. ব্যাঙ্কিং রেগুলেশন এ্যাক্ট, 1949 সংশোধনীর পরে, 26এ ধারা উক্ত এ্যাক্টের মধ্যে অন্তর্ভুক্ত হয়েছে যেখানে আমানতকারী শিক্ষা এবং সচেতনতা তহবিল (দি ফান্ড) স্থাপন করতে রিজার্ভ ব্যাঙ্ককে ক্ষমতা দেওয়া হয়েছে। এই ধারার অধীনে ভারতের মধ্যে যে কোণও ব্যাঙ্কে যে কোনও এ্যাকাউন্টে জমা টাকা যা দশ বছরের মধ্যে ব্যবহার করা হয়নি অথবা দশ বছরের বেশি সময়ের জন্য দাবিহীন হয়ে পড়ে আছে এমন কোন আমানত বা টাকা এই ফান্ডে জমা হয়ে যাবে উক্ত দশ বছর সময়কাল শেষ হয়ে যাবার তিন মাসের মধ্যে। তহবিল সময় সময় আরবিআই নির্দেশমত আমানতকারীর স্বার্থোন্নয়নের জন্য এবং আমানতকারীর স্বার্থোন্নয়নের জন্য প্রয়োজনীয় এমন কোনও উদ্দেশ্যে ব্যবহৃত হবে। দশ বছর অতিক্রান্ত হলে, এমনকি ওইরূপ এ্যাকাউন্ট ফান্ডে স্থানান্তরিত হওয়ার পরেও, আমানতকারী ব্যাঙ্কের কাছ থেকে তাঁর আমানত অথবা অপর কোনও দাবিহীন এ্যাকাউন্ট দাবি করতে পারবেন অথবা পরিচালনা করতে পারবেন। ব্যাঙ্ক আমানতকারী/দাবিদার-কে তাঁর টাকা ফেরত দিতে দায়বদ্ধ থাকবে এবং ফান্ড থেকে ওই দাবির টাকা মিটিয়ে দেবে।

3. আমানতকারী শিক্ষা এবং সচেতনতা তহবিল প্রকল্পের খসড়া জনসাধারণের মতামতের জন্য রিজার্ভ ব্যাঙ্কের ওয়েবসাইটে প্রদর্শিত হয়। বিভিন্ন স্টেকহোল্ডারদের থেকে প্রাপ্ত মতামত বিবেচনা করে, আমানতকারী শিক্ষা এবং সচেতনতা তহবিল প্রকল্প, 2014 চূড়ান্ত করা হয়েছে এবং অফিসিয়াল গেজেটে বিজ্ঞাপিত করার জন্য ভারত সরকারের কাছে পাঠান হয়েছে। আপনাদের অবগতির জন্য প্রকল্পটির প্রতিলিপি সংযুক্ত হল। প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার জন্য সকল ব্যাঙ্ককে প্রস্তুত থাকতে বলা হয়েছে যেহেতু অফিসিয়াল গেজেটে বিজ্ঞপ্তির দিন থেকে প্রকল্পটি কার্যকর হবে। প্রকল্পটি বিজ্ঞাপিত হওয়ার সঙ্গে সঙ্গে পৃথকভাবে কার্য পরিচালনার নির্দেশিকা জানান হবে।

4. এছাড়াও ব্যাঙ্কগুলিকে বলা হয়েছে 'আমানতকারী শিক্ষা এবং সচেতনতা তহবিল প্রকল্প, 2014' প্রসঙ্গে কোন চিঠিপত্র/অনুসন্ধানের জন্য একটি যোগাযোগ কেন্দ্র নির্দিষ্ট করতে এবং ই-মেল মারফত সংলগ্নী অনুযায়ী তার বিশদ বিবরণ জানাতে।

আপনার বিশ্বস্ত,

(রাজেশ ভার্মা)
মুখ্য মহাপ্রবন্ধক

সংলগ্নীঃ উপরের বর্ণনামতো

সংলগ্নক

**প্রতি**
**মুখ্য মহাপ্রবন্ধক**
**ডিপার্টমেন্ট অফ ব্যাঙ্কিং অপারেশনস এ্যান্ড ডেভালপমেন্ট**
**কেন্দ্রীয় কার্যালয়**
**আমানতকারী শিক্ষা এবং সচেতনতা তহবিল সেল**
**ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক**
**শহিদ ভগত সিং মার্গ**
**ফোর্ট**
**মুম্বাই-400001**

**মহাশয়/ মহাশয়া,**

**বিষয়ঃ-আমানতকারী শিক্ষা এবং সচেতনতা তহবিল প্রকল্প, 2014-যোগাযোগের বিশদ বিবরণ**

শিরোনামে উল্লেখিত প্রকল্পের জন্য যোগাযোগ আধিকারিক এবং বিকল্প আধিকারিকের বিশদ বিবরণ নিচে দেওয়া হলঃ

**ব্যাঙ্কের নাম**

| ক্রমিক সংখ্যা | বিশদ বিবরণ | যোগাযোগ আধিকারিক | বিকল্প আধিকারিক |
|---|---|---|---|
| 1 | সংযোগ আধিকারিকের নাম | | |
| 2 | পদনাম | | |
| 3 | টেলিফোন নং | | |
| 4 | ফ্যাক্স নং | | |
| 5 | ইমেল আইডি | | |

উপরোক্ত বিশদ বিবরণ ইমেল মারফত পাঠানো যাবে।

আপনার বিশ্বস্ত

**নামঃ**

**স্বাক্ষরঃ**
**আধিকারিকের পদনামঃ**
**ব্যাঙ্কের নামঃ**
**স্থানঃ**
**ঠিকানাঃ**
**তারিখঃ**

**(ব্যাঙ্কের স্ট্যাম্প)**

## আমানতকারী শিক্ষা এবং সচেতনতা তহবিল প্রকল্প, 2014

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক, ব্যাঙ্কিং রেগুলেশন এ্যাক্ট, 1949 (1949 এর 10)এর ধারা 26এ-এর উপধারা (1) এবং (5) অনুযায়ী ন্যস্ত ক্ষমতাবলে এবং এই তরফে প্রাসঙ্গিক সকল ক্ষমতা প্রয়োগ করে নিম্নলিখিত প্রকল্পটি প্রস্তুত করেছেঃ-

**পরিচ্ছেদ I**

**1. সংক্ষিপ্ত শিরোনাম এবং সূচনা**

i. প্রকল্পটিকে বলা হবে আমানতকারী শিক্ষা এবং সচেতনতা তহবিল প্রকল্প, 2014
ii. প্রকল্পটি বলব হবে সেই তারিখ থেকে যে দিন অফিসিয়াল গেজেটে এটি বিজ্ঞাপিত হবে।

**পরিচ্ছেদ II**

**2. পরিভাষাঃ**

এই প্রকল্পে, প্রসঙ্গটির অন্য ব্যবহার না থাকলেঃ

(i)(a) 'এ্যাক্ট' এর অর্থ ব্যাঙ্কিং রেগুলেশন এ্যাক্ট, 1949 (1949 এর 10)

(b) 'ব্যাঙ্ক'-এর অর্থ একটি ব্যাঙ্কিং কোম্পানি, একটি সমবায় ব্যাঙ্ক, বহু রাজ্য সমবায় ব্যাঙ্ক, ভারতীয় স্টেট ব্যাঙ্ক, একটি সহযোগী ব্যাঙ্ক, অনুরূপ একটি নতুন ব্যাঙ্ক এবং আঞ্চলিক গ্রামীন ব্যাঙ্ক

© 'ফান্ড' এর অর্থ আমানতকারী শিক্ষা এবং সচেতনতা তহবিল, অনুচ্ছেদ 3-এর অধীনে গঠিত

(d) 'কমিটি'-এর অর্থ 'ফান্ড' পরিচালনা করতে অনুচ্ছেদ 8-এর অধীনে গঠিত কমিটি

(e) 'কার্যকরী তারিখ'-এর অর্থ সেই তারিখ যে দিনে অফিসিয়াল গেজেটে প্রকল্পটি বিজ্ঞাপিত হয়েছে।

(f) 'ডিআইসিজিসি'-র অর্থ ডিপজিট ইন্স্যুরেন্স কর্পোরেশন এ্যাক্ট, 1961-এর ধারা 3-এর অধীনে স্থাপিত ডিপজিট ইন্স্যুরেন্স এ্যান্ড ক্রেডিট গ্যারান্টি কর্পোরেশন।

(g) 'লিকুইডেটর'-এর অর্থ কোনও আইনের অধীনে নিযুক্ত কিছু সময়ের জন্য কার্যকরী ব্যাঙ্কের লিকুইডেটর

(h) 'মূল রাশি'-র অর্থ এ্যাক্টের ধারা 26এ অনুযায়ী ব্যাঙ্ক কর্তৃক ফান্ডে স্থানান্তরিত সুদ সমেত রাশি

(i) 'বকেয়া রাশি'-র অর্থ দশ বছর বা তার বেশি সময়ের জন্য দাবিহীন বা নিষ্ক্রিয় হয়ে থাকা কোনও এ্যাকাউন্টে ক্রেডিট ব্যালেন্স অথবা কোনও আমানত

(ii) প্রকল্পে ব্যবহৃত এবং এখানে সংজ্ঞায়িত নয় কিন্তু এ্যাক্টে সজ্ঞায়িত শব্দ এবং পদ যথাক্রমে এ্যাক্টে নির্ধারিত অর্থ অনুযায়ী হবে।

**3.** **তহবিল গঠন এবং তাতে জমা রাশিঃ**

i. রিজার্ভ ব্যাঙ্ক এতদ্বারা একটি তহবিল গঠন করে যাকে আমানতকারী শিক্ষা এবং সচেতনতা তহবিল বলা হবে, এ্যাক্টের 26এ ধারা দ্রষ্টব্য।

ii. ব্যাঙ্কগুলি কর্তৃক যে রাশি ফান্ডে ক্রেডিট করা হবে তা রিজার্ভ ব্যাঙ্কের কাছে রক্ষিত একটি বিশেষ এ্যাকাউন্টে জমা হবে।

iii. এই অনুচ্ছেদের প্রসঙ্গে, কোন ব্যাঙ্কের কাছে রক্ষিত দশ বছর বা তার বেশি হাত না পড়া কোনও আমানত এ্যাকাউন্টেজমা রাশি, অথবা দশ বছর বা তার বেশি দাবিহীন হয়ে পড়ে থাকা রাশিঃ

a) সেভিংস ব্যাঙ্ক আমানত এ্যাকাউন্টস,

b) স্থায়ী অথবা মেয়াদি এ্যাকাউন্টস,

c) কিউমুলেটিভ/রেকারিং আমানত এ্যাকাউন্টস,

d) কারেন্ট আমানত এ্যাকাউন্টস,

e) যে কোনও রূপে বা নামে অন্য আমানত এ্যাকাউন্টস,

f) ক্যাশ ক্রেডিট এ্যাকাউন্টস,

g) ব্যাঙ্ক কর্তৃক যথাযথ পরিশোধের পরে ঋণ এ্যাকাউন্টস

h) লেটার অফ ক্রেডিট/গ্যারান্টি ইত্যাদির জন্য মার্জিন মানি অথবা কোনও জামানত

i) টেলিগ্রাফিক স্থানান্তরণ, মেল স্থানান্তরণ, ডিমান্ড ড্রাফট, পে অর্ডারস, ব্যাঙ্কারস চেকস, সান্ড্রি ডিপজিট এ্যাকাউন্টস, ভস্ট্রো এ্যাকাউন্টস, আন্তঃব্যাঙ্ক ক্লিয়ারিং সমন্বয়ন, অসমন্বয়িত জাতীয় ইলেকট্রনিক ফান্ড স্থানান্তরণ (এনইএফটি) ক্রেডিট ব্যালান্স এবং অন্য এইরকম স্থানান্তরণ এ্যাকাউন্টস, স্বয়ংক্রিয় টেলার মেশিন (এটিএম) লেনদেন জনিত অসংগতি ইত্যাদি,

j) ব্যাঙ্ক কর্তৃক জারি করা আগাম মূল্য দেওয়া কোন কার্ডে পড়ে থাকা না তোলা রাশি কিন্তু ট্রাভেলার্স চেক বা ওইরকম কোন লেখ্য যার কোন মেয়াদপূর্তিকাল নেই তার পরিপ্রেক্ষিতে বকেয়া রাশি গণ্য হবে না,

k) বৈদেশিক মুদ্রা বিনিময় প্রনিয়ম অনুযায়ী ব্যাঙ্কের কাছে রক্ষিত বৈদেশিক মুদ্রা টাকায় রূপান্তরিত করার পর বিক্রয়লব্ধ টাকা, এবং

l) সময় সময় রিজার্ভ ব্যাঙ্ক কর্তৃক নির্দিষ্ট এইরকম অন্য কোন রাশি,

iv. একটি লেখ্য বা লেনদেনের অধীনে বৈদেশিক মুদ্রায় পরিশোধ্য কোন রাশি, যা দাবিহীন হয়ে পড়ে আছে দশ বা তার বেশি বছর ধরে, ফান্ডে স্থানান্তরনের সময় সেই তারিখের বিনিময় মূল্য দিয়ে ভারতীয় টাকায় পরিবর্তন করে নিতে হবে এবং কোন দাবি এলে ফান্ড দায়বদ্ধ থাকবে লেখ্যটি বা লেনদেনটির ক্ষেত্রে ফান্ড কর্তৃক গৃহীত শুধুমাত্র ভারতীয় টাকা ফেরত দিতে।

v. ব্যাঙ্ক উপ-অনুচ্ছেদ (iii)-এ নির্দিষ্ট পুরো রাশি ফান্ডে স্থানান্তরণ করবে, ফান্ডে স্থানান্তরণের দিনে অর্জিত সুদ সমেত যা ব্যাঙ্ক কর্তৃক গ্রাহক/আমানতকারীকে পরিশোধ করতে হবে।

vi. ব্যাঙ্ক উপ-অনুচ্ছেদ (iii) এবং (iv)-এ নির্দিষ্ট এইরকম সব এ্যাকাউন্টের ক্রমসঞ্চিত ব্যালেন্স কার্যকর হওয়ার তারিখের আগের দিন কত তা গণনা করবে এবং উপ-অনুচ্ছেদ (v) অনুযায়ী রাশিটিকে অর্জিত সুদ সমেত ফান্ডে স্থানান্তর করবে পরবর্তী মাসের শেষ কাজের দিনে।

vii. কার্যকর হওয়ার দিন থেকে, উপ-অনুচ্ছেদ (iii) এবং (iv)-এ নির্দিষ্ট ব্যাঙ্কগুলিকে প্রত্যেক ক্যালেন্ডার মাসে যা প্রদেয় হয় সেই রাশিটি ( অর্থা দশ বছর বা তার বেশি দাবিহীন হয়ে পড়ে থাকা ব্যালেন্স) ফান্ডে স্থানান্তর করতে হবে এবং পরবর্তী মাসে শেষ কাজের দিনে উপ-অনুচ্ছেদ (v) অনুযায়ী যোগ হবে অর্জিত সুদ।

viii. এ ছাড়াও, ব্যাঙ্কিং কোম্পানি অধিনিয়ম (রেকর্ড সংরক্ষণকাল),1985 বা সমবায় ব্যাঙ্ক (রেকর্ড সংরক্ষণকাল) অধিনিয়ম, 1985 অনুযায়ী, ব্যাঙ্ক সংরক্ষণ করবে আমানত এ্যাকাউন্ট যার পরিপ্রেক্ষিতে রাশিটিকে ফান্ডে ক্রেডিট করা হবে তসহ সব এ্যাকাউন্টস এবং লেনদেনের বিশদ বিবরণের রেকর্ড/নথি পাকাপাকিভাবে এবং যেখানে ফান্ড থেকে টাকা ফেরত চাওয়া হবে এইরকম এ্যাকাউন্টের রেকর্ড/নথি ব্যাঙ্ক সংরক্ষণ করবে ফান্ড থেকে টাকা ফেরত দেওয়ার দিন থেকে কমপক্ষে পাচ বছর পর্যন্ত।

ix. রিজার্ভ ব্যাঙ্ক কোন এ্যাকাউন্টের অথবা আমানতের অথবা লেনদেনের যার জন্য ব্যাঙ্ক কর্তৃক ফেরতের দাবি পেশ করা হয়েছে তার পরিপ্রেক্ষিতে সমস্ত প্রাসঙ্গিক তথ্য চাইতে পারে।

## 4. প্রত্যর্পণ এবং সুদঃ

i. কোন গ্রাহক / আমানতকারী দাবি করলে, তার এপর্যন্ত দাবিহীন রাশি বা আমানত, যেটি ফান্ডে স্থানান্তরিত হয়েছে, ব্যাঙ্ক সেই গ্রাহক/আমানতকারীকে, যদি প্রযোজ্য হয়, সুদ সমেত টাকা ফেরত দেবে এবং গ্রাহক/ আমানতকারীকে যত টাকা ফেরত দেবে তার সমপরিমাণ রাশি ফান্ড থেকে প্রত্যর্পণের জন্য দাবি পেশ করবে।

ii. ফান্ড থেকে কোন একটি দাবির জন্য প্রদেয় সুদ, (যদি হয়) অর্জিত হবে শুধুমাত্র যে দিন থেকে উক্ত এ্যাকাউন্টের ব্যালেন্স ফান্ডে স্থানান্তরিত হয়েছে সেই দিন থেকে যেদিন গ্রাহক/ আমানতকারীকে পরিশোধ করা হয়েছে সেই দিন পর্যন্ত। যে ক্ষেত্রে ব্যাঙ্ক কর্তৃক তার গ্রাহক/ আমানতকারীকে কোন সুদ প্রদেয় ছিল না, সেই ক্ষেত্রে ফান্ড থেকে প্রত্যর্পিত রাশির ওপর কোন সুদ দেওয়া হবে না।

iii. ফান্ডে স্থানান্তরিত মূল রাশির ওপর, যদি প্রযোজ্য হয়, সুদের হার রিজার্ভ ব্যাঙ্ক কর্তৃক সময় সময় নিদির্ষ্ট করে দেওয়া হবে।

iv. অনুচ্ছেদ 3 (iii) (k) এবং 3(iv)-তে নির্দেশিত বৈদেশিক মুদ্রায় আমানত এ্যাকাউন্ট, লেখ্য বা লেনদেন প্রত্যর্পনের দাবির ক্ষেত্রে, ব্যাঙ্ক গ্রাহক/ আমানতকারীকে ভারতীয় টাকা বা বৈদেশিক মুদ্রা যা কিছুতেই পরিশোধ করুক না কেন, ব্যাঙ্ক ফান্ড থেকে উপযুক্ত রাশি প্রত্যর্পন দাবি করতে পারবে শুধুমাত্র ভারতীয় টাকায়।

v. ফান্ডে স্থানান্তরিত দাবিহীন রাশি/নিষ্ক্রিয় অব্যবহৃত আমানত যদি আংশিকভাবে আমানতকারী ফেরত চায়, তবে সেই এ্যাকাউন্ট আবার চালু হবে ও কার্যকর হবে। এইরূপ আমানতকারির ক্ষেত্রে ব্যাঙ্ক ফান্ডে স্থানান্তরিত পুরো রাশিটি, দেয় সুদসমেত, যদি থাকে, ফান্ড থেকে দাবি করবে।

vi. ব্যাঙ্ক কর্তৃক ফান্ড থেকে প্রত্যেক মাসে ফেরত দেওয়া রাশি পরবর্তী মাসের শেষ কাজের দিনে পরিশোধ করার জন্য দাবি করা হবে।

vii. যে ব্যাঙ্ক লিকুইডেশনে আছে, লিকুইডেশনের প্রক্রিয়া চলতে থাকাকালীন, যদি আমানতকারীর কাছ থেকে কোন দাবি আসে যার আমানত ফান্ডে স্থানান্তরণের সময় ডিআইসিজিসির অধীনে বিমাকৃত ছিল, ফান্ড লিকুইডেটরকে এইরকম আমানতের ক্ষেত্রে ডিআইসিজিসি থেকে যে পরিমাণ রাশি দাবি করতে পারত তার সমপরিমাণ রাশি প্রদান করবে এবং ফান্ডে স্থানান্তরিত অন্য সব রাশির ক্ষেত্রে, ডিআইসিজিসি দ্বারা তা বিমাকৃত হোক অথবা না হোক, লিকুইডেটর কর্তৃক প্রদত্ত টাকা ফান্ড লিকুইডেটরকে মিটিয়ে দেবে।

## 5. ব্যাঙ্ককে রিটার্ন জমা দিতে হবে

সময় সময় রিজার্ভ ব্যাঙ্ক দ্বারা সুপারিশ করা ফর্ম এবং পদ্ধতিতে ব্যাঙ্ককে রিজার্ভ ব্যাঙ্কের কাছে (রিটার্ন) আনুষ্ঠানিক প্রতিবেদন জমা করতে হবে।

## 6. হিসাব

i. কমিটি দ্বারা সময় সময় প্রস্তাবিত ফর্মে এবং পদ্ধতিতে ফান্ড আয় এবং ব্যয় বিবরণী সমেত তার হিসাব রাখবে।

ii. রিজার্ভ ব্যাঙ্কের কাছে রক্ষিত ফান্ডের এ্যাকাউন্টে জমা রাশি রিজার্ভ ব্যাঙ্কের ব্যালেন্স শিটের অংশ হবে।

iii. ফান্ডের এ্যাকাউন্টে জমা রাশি কমিটি দ্বারা প্রস্তাবিত পদ্ধতিতে রিজার্ভ ব্যাঙ্ক বিনিয়োগ করতে পারবে।

iv. ফান্ডের সব আয় ফান্ডে জমা থাকবে।

v. রিজার্ভ ব্যাঙ্ক দ্বারা এ্যাক্টের ধারা 26 এ (4)-এর অধীনে নির্দিষ্ট করে দেওয়া আমানতকারীদের শিক্ষা, সচেতনতা, স্বার্থ এবং অন্যান্য বিষয় প্রসারের জন্য করা ব্যয় ফান্ডের ওপর ধার্য করা হবে।

## 7. হিসাব পরীক্ষা

i. ফান্ডের হিসাব পরীক্ষার বছর হবে পরবর্তী বছরের এপ্রিল 1 থেকে মার্চ 31 পর্যন্ত।

ii. ফান্ডের হিসাব পরীক্ষা করা হবে রিজার্ভ ব্যাঙ্কের বিধিবদ্ধ হিসাব পরীক্ষক দ্বারা অথবা রিজার্ভ ব্যাঙ্ক নির্ধারিত অপর কোনও হিসাব পরীক্ষক দ্বারা।

iii. হিসাব পরীক্ষকের রিপোর্ট এবং ফান্ডের কার্যক্রমের রিপোর্ট সমেত ফান্ডের বা[illegible]সরিক হিসাব, প্রত্যেক গণনা বর্ষের শেষে, রিজার্ভ ব্যাঙ্কের সেন্ট্রাল বোর্ডের সামনে পেশ করতে হবে।

**পরিচ্ছেদ III**

**কমিটির সংবিধান, পরিচালনা এবং কাজকর্ম**

## 8. কমিটির সংবিধান

i. প্রকল্প অনুযায়ী ফান্ডের প্রশাসন এবং পরিচালনার জন্য একটি কমিটি থাকবে।

ii. রিজার্ভ ব্যাঙ্কের সিদ্ধান্ত অনুযায়ী কমিটিতে একজন পদাধিকার সূত্রে সভাপতি এবং অনধিক ছ'জন সদস্য থাকবেন। কমিটির গঠনের বিশদ নিচে দেওয়া হলঃ

a) রিজার্ভ ব্যাঙ্কের একজন ডেপুটি গভর্নর, গভর্নর দ্বারা মনোনীত, পদাধিকার সূত্রে কমিটির সভাপতি হবেন।

b) রিজার্ভ ব্যাঙ্কের অনধিক দু'জন আধিকারিক, মুখ্য মহাপ্রবন্ধকের পদের নিম্ন পদাধিকারী নয়, তাঁর দ্বারা মনোনীত হবেন।

c) রিজার্ভ ব্যাঙ্ক দ্বারা মনোনীত, পর্যায়ক্রমে কোন ব্যাঙ্কের সভাপতি এবং পরিচালন অধিকর্তা অথবা ব্যাঙ্কের মুখ্য নির্বাহী আধিকারিক।

d) রিজার্ভ ব্যাঙ্ক দ্বারা মনোনীত ব্যাঙ্কিং বা হিসাব-নিকাশ বা অন্য কোন ক্ষেত্রের বিশারদ, যাকে রিজার্ভ ব্যাঙ্ক উপযুক্ত মনে ।

e) গ্রাহক অথবা আমানতকারীদের দ্বারা গঠিত এ্যাসোসিয়েশন বা প্রতিষ্ঠান থেকে রিজার্ভ ব্যাঙ্ক দ্বারা মনোনীত, গ্রাহকদের এবং ব্যাঙ্কের আমানতকারীদের স্বার্থ রক্ষা করে এমন কোন ব্যাক্তি। আনা এবং

f) রিজার্ভ ব্যাঙ্ক দ্বারা মনোনীত একজন আধিকারিক, মুখ্য মহাপ্রবন্ধকের নিম্ন পদাধিকারী নয়, কমিটির সদস্য সচিব হিসাবে কাজ করবে।

iii. পদাধিকার সূত্রে সভাপতি ব্যতীত, সদস্যগণ দুই বছরের জন্য পদ গ্রহণ করবেন যতদিন না পরবর্তীরা মনোনীত হন।

iv. অবসর গ্রহণ করতে যাচ্ছেন এমন ব্যক্তি পুনর্মনোনয়নের যোগ্য।

v. রিজার্ভ ব্যাঙ্ক কমিটির জন্য সেক্রেটারিয়েট, প্রয়োজনীয় পরিকাঠামো এবং ফান্ড পরিচালনার জন্য কর্মচারী দেবে।

vi. কাজগুলি দক্ষতা এবং দ্রুততার সঙ্গে সমাধা করার সুবিধা করতে, যখনই প্রয়োজন মনে হবে, কমিটি এক বা একাধিক উপ-কমিটি গঠন করতে পারে।

vii. গঠনতন্ত্রের কোন ত্রুটি অথবা কমিটিতে লোকাভাব কমিটির কার্যাবলি অথবা কমিটির সিদ্ধান্তকে বাতিল করতে পারবে না।

viii. সময় সময় তাঁদের মিটিং-এ উপস্থিত থাকার জন্য রিজার্ভ ব্যাঙ্কের সিদ্ধান্ত অনুযায়ী, উপ-অনুচ্ছেদ (ii) (d) এবং (ii) (e)-তে উল্লেখিত সদস্যগণ বেতন পাবেন।

## 9. কমিটির কাজ এবং উদ্দেশ্য

i. কমিটি যখনই প্রয়োজন হবে মিটিং-এ বসবে, প্রতি ত্রৈমাসিকে অন্তত একবার। মিটিং-এর কোরামের জন্য সভাপতি এবং সব সদস্যের এক তৃতীয়াংশ অন্তত উপস্থিত থাকবেন।

ii. কমিটি নিজের কার্য বিধি নিজেই প্রস্তুত করবে।

iii. ফান্ড ব্যবহৃত হবে আমানতকারীদের স্বার্থ উন্নত করার জন্য এবং রিজার্ভ ব্যাঙ্ক দ্বারা নির্ধারিত আমানতকারীদের স্বার্থের জন্য প্রয়োজন অপর কোন উদ্দেশ্যে। এ্যাক্টের ধারা 26 এ (4)-তে বর্ণিত লক্ষ্যে এবং সময় সময় এই প্রসঙ্গে রিজার্ভ ব্যাঙ্ক নির্ধারিত লক্ষ্য অনুসারে কমিটি কাজ করবে।

iv. সময় সময় কমিটি ফান্ডের লক্ষ্য পূরণে এবং খরচের জন্য কর্মসূচি, মাপকাঠি এবং পদ্ধতি ইত্যাদি তালিকা প্রস্তুত করে।

v. কমিটি ফান্ড চালনা করবে এবং ফান্ডের তরফে সব ক্ষমতা প্রয়োগ করে যেখানে ফান্ডের দেনা থাকবে তা মেটাবে এবং তহবিল বিনিয়োগ করবে।

vi. কমিটির খরচ এবং কমিটি চালনা করার খরচ কমিটির সিদ্ধান্ত অনুযায়ী ফান্ডের ওপর ধার্য করা হবে।

vii. ফান্ড কর্তৃক আমানতকারীদের দেয় সুদের হার স্থির করতে রিজার্ভ ব্যাঙ্কের সুবিধার্থে, কমিটি রিজার্ভ ব্যাঙ্ককে ফান্ডের আয়-ব্যয়ের প্রয়োজনমত তথ্য দেবে।

## 10. ব্যাঙ্কগুলিকে তলব করার ক্ষমতা

i. কমিটি ফান্ডের কাছে বকেয়া টাকা পরিশোধের জন্য কোন ব্যাঙ্ককে তলব করতে পারে।

ii. কমিটি সাধারণভাবে কোন ব্যাঙ্কে বা বিশেষ কোন ব্যাঙ্কে দাবিহীন এবং নিষ্ক্রিয় রাশি সম্পর্কে যে কোন তথ্য সময় সময় ব্যাঙ্কের কাছে চাইতে পারে এবং ব্যাঙ্কগুলির/ব্যাঙ্কের কর্তব্য কমিটিকে যাচিত তথ্য প্রদান করা।

## 11. আমানতকারীদের হিতসাধনের লক্ষ্যে প্রতিষ্ঠানসমূহের চিহ্নিতকরণ

i. আমানতকারীদের স্বার্থরক্ষার জন্য, সময় সময় কমিটি আমানতকারীদের সচেতনতা এবং শিক্ষা সংক্রান্ত কাজে নিযুক্ত বিভিন্ন প্রতিষ্ঠান, সংস্থা অথবা সংঘকে নথিভুক্ত করে/স্বীকৃতি দেয়, এমনকী যাদের ব্যাঙ্কের আমানতকারীদের জন্য সেমিনার এবং আলোচনাচক্রের আয়োজন করা এবং এই বিষয় সংক্রান্ত প্রোজেক্ট এবং গবেষণা করার কর্মসূচি চালানর প্রস্তাব আছে তাদেরও।

ii. কমিটি কর্তৃক নথিভুক্ত/স্বীকৃত প্রতিষ্ঠান, সংস্থা অথবা সংঘ, প্রস্তাবিত কাজকর্মের প্রকৃতির ওপর নির্ভর করে, সরকারি অনুদান হিসেবে ফান্ডের অনুদানের জন্য বিবেচিত হবে। অনুদান এককালীন উপায়ে, অথবা ধাপে ধাপে দেওয়া হবে।

iii. উপ-অনুচ্ছেদ (i)-তে উল্লেখিত উপায়ে বিভিন্ন প্রতিষ্ঠান, সংস্থা অথবা সংঘকে আর্থিক অনুদান দেওয়ার জন্য কমিটি সিদ্ধান্ত নেবে এবং মাপকাঠি ঠিক করবে।

iv. অনুমোদন দেওয়ার আগে কমিটি প্রস্তাবগুলি এবং অনুদান এবং সহায়তা কীভাবে ব্যবহার করা হবে তা পরীক্ষা করে দেখবে।

v. কমিটি এইরকম প্রতিষ্ঠান, সংস্থা অথবা সংঘকে দেয় অনুদানের ব্যবহার বিষয়ে তথ্য চাইতে পারে অথবা যে কোন উপায়ে তা যাচাই করতে পারে।

vi. কমিটি ফান্ডের স্বার্থে যা উপযুক্ত এবং যখন দরকার বিবেচনা করবে সেইরকম পদক্ষেপ এমনকী আইনি ব্যবস্থাও নিতে পারে।

## 12. প্রকল্পের ধারাগুলির ব্যাখ্যাঃ

যদি প্রকল্পের ধারাগুলির ব্যাখ্যা করার দরকার হয়, তাহলে বিষয়টি রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার কাছে পাঠান হবে, রিজার্ভ ব্যাঙ্কের সিদ্ধান্তই হবে চূড়ান্ত।

## 13. প্রকল্পের সংশোধন

রিজার্ভ ব্যাঙ্ক যে কোন সময়, যখনই প্রয়োজন মনে করবে, গেজেটে একটি বিজ্ঞপ্তি দিয়ে প্রকল্পের যেকোন অথবা সব ধারাগুলি সংশোধন করতে পারবে।

## 14. অসুবিধা দূর করার ক্ষমতা

প্রকল্পের ধারাগুলি কার্যকর করতে গিয়ে কোন অসুবিধার সম্মুখীন হলে, রিজার্ভ ব্যাঙ্ক তা দূর করার জন্য যা প্রয়োজনীয় মনে হবে সেরকম পদক্ষেপ নিতে পারবে অথবা আদেশ নির্গত করবে।

(বি মহাপাত্র)
নির্বাহী অধিকর্তা